51

দৈনিক জনকণ্ঠ

তারিখ ··· 05 AUG 1995 ··· ··
পৃষ্ঠা ··৬ কলাম ··২ ·· ···

## দৃষ্টি আকর্ষণ

দেশের অন্যতম শ্রেষ্ঠ বিদ্যাপীঠ চট্টগ্রাম কলেজ। উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস), দশটি বিষয়ে অনার্স এবং মাষ্টার্স প্রথম পর্ব মিলে প্রায় সাত হাজার ছাত্রছাত্রী এখানে পড়াশোনা করছে। ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত এ খ্যাতনামা কলেজটির সমস্যার অন্ত নেই। কলেজের অন্যতম প্রধান সমস্যা হলো পরিবহন সমস্যা। নির্মম সত্য হলো, এ কলেজের সাত হাজার ছাত্রছাত্রীর জন্য কোন পরিবহন বাস নেই। হোস্টেলে সিট সীমিত। তাই কলেজের ৯০ ভাগ ছাত্রছাত্রীকে মেসে, আত্মীয়স্বজনের

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## দৃষ্টি আকর্ষণ

(প্রথম পাতার পর)

বাসায়, লজিংয়ে অথবা নিজ বাড়িতে থেকে পড়াশুনা করতে হয়। শহরতলী হতেও প্রতিদিন প্রচুর ছাত্রছাত্রীকে কলেজে আসতে হয়।

অনেকের পক্ষে রিক্স ভাড়া বাবদ বাড়তি অর্থ নিয়মিত খরচ করা সম্ভব হয় না। অনেককে আসতে হয় রোদ-বৃষ্টি মাথায় নিয়ে। এ অব্যবস্থা হতে পরিত্রাণের জন্য পরিবহন ব্যবস্থা চালুর দাবি দীর্ঘদিনের। শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীরা যাতে নিয়মিত নির্ঝঞ্ঝাটভাবে কলেজে যাতায়াত করতে পারে, সে জন্য যথেষ্ট সংখ্যক বাসের ব্যবস্থা করার জন্য প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলে নজর দেবেন কি?

—সালাহ উদ্দিন তৌফিক, অনার্স শেষবর্ষ, ইতিহাস বিভাগ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।